

## পরিকল্প নং-১১৫

### জীবন বন্ধন

“বয়স্ক কন্যার বিয়ে দেয়া

পিতা মাতাদের দায়িত্ব

‘জীবন বন্ধন’ বীমা নিয়ে

হতে পারেন নিশ্চিত”।

এ বীমা শুধুমাত্র কন্যা সন্তানের জন্য নেয়া যাবে। মেয়ের বিবাহ বা উচ্চশিক্ষার জন্য অর্থের যোগান দেওয়ার নিশ্চয়তা বিধানই এ বীমার উদ্দেশ্য। এবীমা পরিচালিত হবে অংশীদারিত্ব বা মুদারাবার ভিত্তিতে এবং এর অর্জিত জমা ইসলামী শরীয়াহ মোতাবেক বিনিয়োগ করা হবে। মেয়াদ পূর্তিতে কন্যা সন্তানের বয়স ৩০ বছরের বেশী হবে না।

### এ বীমার বৈশিষ্ট্য :

- ক) বীমা অংক প্রতি বছর প্রতি হাজারে ৫০ টাকা বাড়াতে থাকবে।
- খ) বীমা গ্রাহকের মৃত্যুতে বর্ধিত অংকসহ বীমা অংক প্রদান করা হবে।
- গ) মেয়ের অকাল মৃত্যুতে সমস্ত জমা টাকা বীমাগ্রাহককে ফেরত দেয়া হবে।
- ঘ) মেয়াদ পূর্তিতে বীমাগ্রাহককে ও মেয়ে জীবিত থাকলে বর্ধিত অংকসহ বীমা অংক প্রদান করা হবে।